বাংলা ট্রিবিউন

# ইউআইইউ আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট শুরু

বাংলা ট্রিবিউন রিপোর্ট

প্রকাশিত: ১৬:৪১, অক্টোবর ০১, ২০১৮ |সর্বশেষ আপডেট: ১৭:০৪, অক্টোবর ০১, ২০১৮



**প্রথমবারের মতো ফুটবল টুর্নামেন্ট শুরু করেছে ইউআইইউ। সোমবার রাজধানীর বাড্ডায় আন্তঃকলেজ এই টুর্নামেন্টে বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে কেমব্রিয়ান কলেজ ও উইলস লিটল ফ্লাওয়ার কলেজের মধ্যে প্রথম ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।**

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক চৌধুরী মোফিজুর রহমান টুর্নামেন্টের উদ্বোধন করেন।

রাজধানীর স্বনামধন্য মোট দশটি কলেজের অংশগ্রহণে এই টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে ১৩ অক্টোবর।এতে ট্রফিসহ চ্যাম্পিয়ন দল পাবে একলাখ টাকা এবং রানার্স আপ দল পাবে পঞ্চাশ হাজার টাকা।




/এফআইআর/